

ঢাকা | 08 May, 2025

টাঙ্গাইলের মির্জাপুরে লোবেটের গাড়ির (বড় ট্রাক) পিছনে পিকআপের ধাক্কায় চালকসহ তিনজন নিহত হয়েছে। তাৎক্ষণিকভাবে নিহতদের নাম পরিচয় পাওয়া যায়নি।

বৃহস্পতিবার বিকেলে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের উপজেলার গোড়াই মিলগেট এলাকায় উত্তরবঙ্গগামী লেনে এই ঘটনা ঘটে।

গোড়াই হাইওয়ে থানার উপ-পরিদর্শক (এসআই) মো. শাহ আলম জানান, গোড়াই মিলগেট এলাকায় উত্তরবঙ্গগামী লোবেটের পেছনে থাক্কা দিয়ে উল্টে যায় পিকআপটি। এতে চালকসহ পিকআপে থাকা তিনজন নিহত হয়। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে মরদেহগুলো উদ্ধার করে। এসময় চালক লোবেট গাড়ি নিয়ে পালিয়ে যায়। এখনও নিহতদের পরিচয় পাওয়া যায়নি।

সড়ক দুর্ঘটনা